



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৮৯১/নতুন/ঢাকা/২১০৩

তারিখ: ১৭/১০/২০২৩

বিষয় : বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১। বোর্ডের ২০/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।
২। ২০/০৭/২০২৩ তারিখে মঞ্জুরী কমিটির সভার সুপারিশের ভিত্তিতে ২১/০৮/২০২৩ তারিখের ২২৮ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে সিটি ইন্টারন্যাশনাল স্কুল-কে ০১/০১/২০২৩ তারিখ হতে নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। স্থাপনের অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং পাঠদানের প্রাথমিক অনুমতির আবেদন গ্রহণের পূর্বে বিদ্যালয়ের নামে জমির দলিল করতে: উক্ত জমি বিদ্যালয়ের নামে নামজারি ও খারিজ করতে হবে।
- ৩। বিদ্যালয়ের নামে নামজারিকৃত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে; কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৪। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ৫। সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ২,০০,০০০/- (দুই লক্ষ) ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে; সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- ৬। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে ও সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৭। পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ১৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ১৮,০০,০০০ (আঠার লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- ৮। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৯। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক

সিটি ইন্টারন্যাশনাল স্কুল

পো: আগানগর, উপজেলা: কেরাণীগঞ্জ

জেলা: ঢাকা।

মেমো নং- ২১০৩ (১২)

তারিখ: ১৭/০৮/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ, ঢাকা।
- ৯। সভাপতি, পরিচালনা কমিটি, সিটি ইন্টারন্যাশনাল স্কুল, কেরাণীগঞ্জ, ঢাকা।
- ১০। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৭.১০.২৩